

## ইব্রাহিম মেডিকেল কলেজ

১/এ, ইব্রাহিম সরণি, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা  
সভার কার্যবিবরণী :-

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে গত ১৫ই  
আগস্ট ২০২০ তারিখ রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকার সময় যথাযথ স্বাস্থ্যবিধি মেনে কলেজের সভাকক্ষে  
জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কর্মময় জীবন, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের স্বাধীনতায় বঙ্গবন্ধুর অনন্য  
অবদান এবং তাঁর ও তাঁর পরিবারের নির্মম হত্যাকাণ্ড সম্পর্কে আলোচনা সভার আয়োজন করা হয়। ইব্রাহিম  
মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক নাজমা হক উক্ত আলোচনা সভার সভাপতিত্ব করেন। আলোচনা সভায়  
কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষকগণ অংশগ্রহণ করেন।

### সভার আলোচনা :

সভায় উপস্থিত সকল শিক্ষকগণ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কর্মময় জীবন,  
মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের স্বাধীনতায় বঙ্গবন্ধুর অনন্য অবদান এবং তাঁর ও তাঁর পরিবারের নির্মম  
হত্যাকাণ্ড সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ করে বাঙালির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর  
রহমান কর্মময় জীবনের স্মৃতিচারণ করেন। সভায় বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম, মুক্তিযুদ্ধ ও  
স্বাধীনতা অর্জন পরবর্তী দেশ গঠনে বঙ্গবন্ধুর অবদানের কথা বিশেষ ভাবে আলোচিত হয়। ১৯৭৫  
এর ১৫ই আগস্ট কালো রাতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর  
রহমান ও তাঁর পরিবার বর্গের নির্মম হত্যাকাণ্ডের নিন্দা জানানো হয় এবং তাঁদের আত্মার  
মাগফেরাত কামনা করা হয়। সভায় সকল বক্তৃগণ মত প্রকাশ করেন যে, বঙ্গবন্ধুর আদর্শে  
উজ্জীবিত হয়ে তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে আমাদের দৈনন্দিন ব্যক্তিগত ও পেশাগত  
জীবনে সদাচরণের মাধ্যমেই জাতির জনকের প্রতি শ্রদ্ধা জানানো সম্ভব হবে।

উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অধ্যক্ষ মহোদয় আলোচনা সভার সমাপ্তি ঘোষনা করেন।

অধ্যাপক নাজমা হক

অধ্যক্ষ

### অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাসচিব, বাড়াস-সদয় অবগতির জন্য।
২. যুগ্ম-মহাসচিব, বাড়াস-সদয় অবগতির জন্য।
৩. উপদেষ্টা, ইব্রাহিম মেডিকেল কলেজ-সদয় অবগতির জন্য।।
৪. সকল বিভাগীয় প্রধান, ইব্রাহিম মেডিকেল কলেজ।
৫. অফিস কপি।